গাংনীর মেয়র পদপ্রার্থী হিসেবে অ্যাড. সাকিল আহমাদের নাম ঘোষণা

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে ১০০ জন উপজেলা চেয়ারম্যান ও পৌরসভার মেয়র পদপ্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। ঘোষিত তালিকায় মেহেরপুরের গাংনী পৌরসভার মেয়র পদপ্রার্থী হিসেবে স্থান পেয়েছেন অ্যাডভোকেট সাকিল আহমাদ।

দলীয় সূত্রে জানা যায়, তৃণমূল পর্যায়ে জনপ্রিয়তা, সাংগঠনিক দক্ষতা এবং পেশাগত সততার ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গাংনী পৌরসভার জন্য অ্যাডভোকেট সাকিল আহমাদকে মনোনয়ন দেওয়া হয়।

তিনি বর্তমানে দেশের একজন সহকারী অ্যাটর্নি জেনারেল পদমর্যাদার স্পেশাল পাবলিক প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করছেন এবং গাংনী এলাকার প্রথম ব্যক্তি হিসেবে এ পদে অধিষ্ঠিত হয়েছেন।

সাকিল আহমাদ এনসিপির কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও মেহেরপুর জেলার প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি জাতীয় সংসদ নির্বাচনে এনসিপি হতে মনোনয়ন পেয়ে জোটের স্বার্থে মনোনয়ন দাখিল করেননি।

মনোনয়ন ঘোষণার পর এক প্রতিক্রিয়ায় অ্যাডভোকেট সাকিল আহমাদ বলেন, “দল আমাকে যে আস্থা ও দায়িত্ব দিয়েছে, তা আমি সম্মানের সঙ্গে গ্রহণ করছি। গাংনী পৌরবাসীর সার্বিক উন্নয়ন, সুশাসন ও আধুনিক নাগরিক সেবা নিশ্চিত করাই হবে আমার প্রধান লক্ষ্য।”

এদিকে স্থানীয় নেতাকর্মীদের মাঝে এ ঘোষণাকে ঘিরে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে। তারা আশা করছেন, সৎ ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে গাংনী পৌরসভা নতুন উন্নয়নের ধারায় এগিয়ে যাবে।

মুজিবনগরে গৃহবধূর গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের বিশ্বনাথপুর গ্রামে উর্মি খাতুন (১৮) নামে এক গৃহবধূর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মৃত্যু রহস্যজনক হওয়ায় লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

মৃত উর্মি খাতুন বিশ্বনাথপুর গ্রামের সোহেল বিশ্বাসের স্ত্রী এবং সোনাপুর মাঝপাড়া গ্রামের ভাসান আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, রোববার সকালে নিজ ঘরের সিলিং ফ্যানের সঙ্গে লাল ওড়না পেঁচানো অবস্থায় উর্মির ঝুলন্ত মরদেহ দেখতে পান পরিবারের সদস্যরা। পরে তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহতের শাশুড়ি জানান, সকালে তিনি অসুস্থ হয়ে পড়লে পরিবারের সবাই তাকে নিয়ে ব্যস্ত ছিলেন। এ সময় উর্মিও সেখানে উপস্থিত ছিলেন। একপর্যায়ে উর্মি নিজ ঘরে গিয়ে দরজা ভেতর থেকে বন্ধ করে দেন। পরে অনেক ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে প্রতিবেশীদের সহায়তায় ঘরের পেছনের দরজা ভেঙে দেখা যায়, তিনি সিলিং ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে ঝুলে আছেন।

তবে নিহতের পরিবারের অভিযোগ ভিন্ন। উর্মির পিতা ভাসান আলী জানান, গত শুক্রবার ছাগলকে ভুট্টা খাওয়ানোকে কেন্দ্র করে উর্মির সঙ্গে তার স্বামী সোহেল বিশ্বাসের ঝগড়া হয়। খবর পেয়ে তিনি মেয়ের শ্বশুরবাড়িতে আসেন এবং মেয়েকে বাড়িতে নিয়ে যেতে চাইলে সোহেল বাধা দেন। একপর্যায়ে সোহেল উর্মিকে গলা টিপে মারধর করেন বলেও অভিযোগ করেন তিনি। এ সময় সোহেলের এক আত্মীয় বাধা দেন বলেও দাবি করেন ভাসান আলী।

এদিকে নিহত উর্মির এক চাচাতো ভাই জানান, ঘটনার কিছুক্ষণ আগে উর্মি ফোন করে কান্নাকাটি করেছিলেন। ঘটনার পর থেকে নিহতের স্বামী সোহেল বিশ্বাস পলাতক রয়েছেন। তার বক্তব্য নেওয়ার চেষ্টা করা হলেও সম্ভব হয়নি।

মুজিবনগর থানার ওসি (তদন্ত) গৌতম কুমার জানান, পরিবারের পক্ষ থেকে এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে মৃত্যুটি রহস্যজনক হওয়ায় আইন অনুযায়ী ঘটনাটি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

তিনি আরও জানান, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

মেহেরপুরে ‘শয়তানের নিঃশ্বাস’ কৌশলে নারীর টাকা ও স্বর্ণালংকার ছিনতাই

মেহেরপুর শহরে আবারও সক্রিয় হয়ে উঠেছে অজ্ঞান পার্টি। এবার ‘শয়তানের নিঃশ্বাস’ নামে পরিচিত এক ধরনের প্রতারণার কৌশল ব্যবহার করে এক নারীর কাছ থেকে নগদ টাকা ও স্বর্ণালংকার ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

ঘটনাটি আজ রবিবার দুপুরে শহরের ব্যস্ততম হোটেল বাজার মোড়ে ঘটায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

ভুক্তভোগী আনোয়ারা খাতুন জানান, তিনি কারেন্ট বিল পরিশোধের জন্য বাসা থেকে বের হয়ে শহরের হোটেল বাজার মোড়ে পৌঁছান।

এসময় অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি তার সঙ্গে কথা বলা শুরু করে। একপর্যায়ে ওই ব্যক্তি কৌশলে তার নাকের সামনে কোনো এক ধরনের গন্ধযুক্ত বস্তু ধরে বা শুঁকতে দেয়। এর কিছুক্ষণ পরই তিনি মাথা ঝিমঝিম করা, দুর্বল লাগা এবং অসংলগ্ন আচরণ করতে শুরু করেন।

তিনি আরও জানান, পুরোপুরি স্বাভাবিক অবস্থায় না থাকার সুযোগে দুর্বৃত্তরা তার কাছে থাকা নগদ ৫০০ টাকা এবং কানে থাকা দুইটি স্বর্ণের দুল খুলে নিয়ে দ্রুত পালিয়ে যায়। পরে স্থানীয়দের

সহায়তায় তিনি কিছুটা স্বাভাবিক হলে বিষয়টি বুঝতে পারেন।

ভুক্তভোগী আনোয়ারা মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার বাসিন্দা। তার স্বামীর নাম ইয়ালিদ হোসেন।

ঘটনার খবর ছড়িয়ে পড়লে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দারা জানান, সম্প্রতি শহরে অজ্ঞান পার্টি ও প্রতারক চক্রের তৎপরতা বেড়েছে।

বিশেষ করে বাজার ও জনসমাগমপূর্ণ এলাকায় নারীদের টার্গেট করে এসব চক্র নানা কৌশলে প্রতারণা ও ছিনতাই চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে।

এ বিষয়ে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী বলেন, “ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। শহরে অজ্ঞান পার্টি ও প্রতারক চক্রের তৎপরতা ঠেকাতে গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। সাধারণ মানুষকে অপরিচিত ব্যক্তির দেওয়া কোনো কিছু গ্রহণ না করার আহ্বান জানাচ্ছি। সন্দেহজনক কাউকে দেখলে দ্রুত পুলিশকে অবহিত করতে হবে।”

স্থানীয়রা শহরের গুরুত্বপূর্ণ মোড় ও বাজার এলাকায় পুলিশের টহল বৃদ্ধি এবং সিসিটিভি নজরদারি জোরদারের দাবি জানিয়েছেন।

আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকেও সবাইকে সতর্ক থেকে চলাফেরা করার পরামর্শ দেওয়া হয়েছে।

গাংনীতে দুই মোটরসাইকেল মুখোমুখি ধাক্কায় শিশুসহ ৪জন আহত

মেহেরপুরের গাংনী হাসপাতাল বাজারে দটি মোটরসাইকেল মুখোমুখি ধাক্কায় শিশুসহ চারজন আহত হয়েছেন। আজ রবিবার বিকাল ৫ টার সময় এ দুর্ঘটনা ঘটে।

আহতরা হলেন সদর উপজেলার আলমপুর গ্রামের আব্দুল হাইয়ের ছেলে সেলিম রেজা (৪৫), হারুনের ছেলে রবিউল ইসলাম(৪৩), গাংনীর চৌগাছার আলামিনের ছেলে আলিফ (১৪), ও ছরোয়ার হোসেনের ছেলে সিফাত (১৪)। আহতরা সকলেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন।

আহত রবিউল ইসলাম জানান, আলমপুর থেকে এক আত্নীয়র জানাজায় অংশ নিতে মোটরসাইকেল যোগে তেরাইল গ্রামে যাচ্ছিলেন।

এসময় বিপরিত দিক থেকে আসা একটি দ্রত গতির এপাচি আরটিআর মোটরসাইকেল তাদের মুখোমুখি ধাক্কায় দেয়। এসময় দুই মোটরসাইকেল থেকে সকলেই ছিটকে পড়ে। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে নিয়ে যান। তবে সেলিম রেজার অবস্থা আশংকাজনক।

গাংনী থানার ওসি উত্তম কুমার জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে নতুন কুঁড়ি স্পোর্টসের সমাপনী ও পুরস্কার বিতরণ

মেহেরপুরে নতুন কুঁড়ি স্পোর্টসের ২০২৬ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে মেহেরপুর জেলা স্টেডিয়ামে জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া কার্যালয়ের যৌথ আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রতিযোগিতায় ফুটবল, ক্রিকেট, কাবাডি, দাবা, অ্যাথলেটিকস, সাঁতার, ব্যাডমিন্টন ও মার্শাল আর্টসহ মোট আটটি ইভেন্টে জেলার ৩টা উপজেলা ও পৌরসভার কিশোর-কিশোরীরা অংশগ্রহণ করে। এতে জেলা স্টেডিয়ামে প্রাণবন্ত ও উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

ফুটবল বালক বিভাগে গাংনী উপজেলা একাদশ জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ফুটবল বালিকা বিভাগে মুজিবনগর উপজেলা একাদশ চ্যাম্পিয়ন হয়। ক্রিকেট বালক বিভাগে মেহেরপুর পৌর একাদশ এবং ক্রিকেট বালিকা বিভাগে গাংনী উপজেলা একাদশ জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার কৃতিত্ব অর্জন করে।

পরে বিজয়ীদের হাতে মেডেল, ট্রফি, ও সনদপত্র তুলে দেন অতিথিরা। এসময় খেলোয়াড়, অভিভাবক, ক্রীড়া সংগঠক ও দর্শকদের উপস্থিতিতে স্টেডিয়াম প্রাণচাঞ্চল্যে ভরে ওঠে।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তারিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, শাকির আহমেদ, ভুবন চন্দ্র হালদার, সিরাজুল ইসলাম ও ফারুকুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ওবায়দুল বাসার, জেলা ক্রীড়া সংস্থার সদস্য আব্দুস সালামসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও ক্রীড়া সংগঠকরা।

উল্লেখ্য, “ক্রীড়া হবে পেশা, পরিবার পাবে ভরসা” প্রতিপাদ্যকে সামনে রেখে গত ২ মে দেশব্যাপী একযোগে শুরু হয় ‘নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬’ কার্যক্রম। তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও বিকাশে এ উদ্যোগ ইতোমধ্যেই ব্যাপক প্রশংসা কুড়িয়েছে।

গাংনীতে ট্রান্সফরমার চোরচক্রের সদস্য আটক,

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে ট্রেইনি রিক্রুট কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত

বাংলাদেশ পুলিশে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ মেধা, যোগ্যতা ও স্বচ্ছতার ভিত্তিতে পরিচালনার লক্ষ্যে পরীক্ষার্থীদের প্রথমে মেটাল ডিটেক্টরের মাধ্যমে তল্লাশি করে কেন্দ্রে প্রবেশ করানো হয়। পরে ফেস ডিটেকশন ক্যামেরার মাধ্যমে পরিচয় যাচাই শেষে পরীক্ষার কক্ষে প্রবেশের অনুমতি দেওয়া হয়।

লিখিত পরীক্ষা শেষে পরীক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দেন পুলিশ সুপার ও নিয়োগ বোর্ডের সভাপতি উজ্জ্বল কুমার রায়। তিনি বলেন, কনস্টেবল পদে নিয়োগ হবে অত্যন্ত স্বচ্ছ, নিরপেক্ষ ও দুর্নীতিমুক্ত। প্রার্থীরা যেন কোনো ধরনের প্রতারক বা দালাল চক্রের খপ্পরে না পড়েন, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

এসময় পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা থেকে মনোনীত প্রতিনিধি মোঃ আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন।

এছাড়াও নিয়োগ বোর্ডের সদস্য মোঃ মিনহাজ-উল-ইসলাম, মোঃ দেলোয়ার হোসেনসহ নিয়োগ কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন পদমর্যাদার পুলিশ কর্মকর্তা ও সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নারীর অধিকার বিষয়ে

আলোচনা সভা অনুষ্ঠিত

“বৈষম্যহীন সমাজ গড়ি, প্রান্তিক নারীর অধিকার নিশ্চিত করি” প্রতিপাদ্যে মেহেরপুরে নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের উদ্যোগে রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত দৃষ্টিকোণ থেকে নারীর অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মে আয়োজনে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এবং এফসিডিও’র অর্থায়নে আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি-পেশার নারী নেত্রী, সামাজিক ও রাজনৈতিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সূমী বিশ্বাসের সভাপতিত্বে এবং আফরোজা পারভীন কাকলির সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারী কলেজের সাবেক ভিপি মো. জাহাঙ্গীর বিশ্বাস।

এছাড়াও যশোর রিজিওনের আঞ্চলিক সমন্বয়কারী মো. খোরশেদ আলম, পিএফজি সদস্য মো. আলতাফ হোসেন, মামলাত হোসেন, পিএফজি সদস্য ও পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক সনজিত পাল বাপ্পি, মহিলা কাউন্সিলর প্রার্থী পারুলা খাতুন, পলি আক্তার বেদানা, সোনিয়া আক্তার সোমেনা এবং প্রধান শিক্ষিকা রূত ছবি বিশ্বাসসহ নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের সদস্যবৃন্দ, স্থানীয় নারী নেত্রী, সামাজিক সংগঠক, যুব প্রতিনিধি, ধর্মীয় ব্যক্তিত্ব এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

আলোচনায় বক্তারা বলেন, নারীরা এখনও বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য ও সহিংসতার শিকার হচ্ছেন। রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত ভিন্নতা থাকা সত্ত্বেও নারীদের সমঅধিকার ও নিরাপদ অংশগ্রহণ নিশ্চিত করতে সবাইকে একযোগে কাজ করতে হবে। বিশেষ করে প্রান্তিক নারীদের অধিকার প্রতিষ্ঠায় সমাজের সকল স্তরের মানুষের সক্রিয় ভূমিকা প্রয়োজন।

মেহেরপুরের বারাদীতে বিএডিসি সার গুদামে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ

মেহেরপুরের বারাদীতে নির্মাণাধীন বিএডিসির ৪ হাজার মেট্রিক টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামের মেঝের সোলিং ও সীমানা প্রাচীর নির্মাণে নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। অভিযোগের পর শনিবার সকালে ঘটনাস্থল পরিদর্শনে যান জামায়াত নেতৃবৃন্দ। পরে সাময়িকভাবে নির্মাণকাজ বন্ধ রাখা হয়।

জানা যায়, সার গুদামের সোলিং ও সীমানা প্রাচীর নির্মাণে নিম্নমানের ইট ব্যবহারের অভিযোগ পান মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দীন খান। তার নির্দেশনায় ঘটনাস্থল পরিদর্শনে যান উপজেলা জামায়াতের সেক্রেটারি জাব্বারুল ইসলামসহ একটি প্রতিনিধি দল।

পরিদর্শন শেষে জাব্বারুল ইসলাম বলেন, “অভিযোগের সত্যতা পাওয়া গেছে। এখানে প্রায় ৮০ শতাংশ কাজ তিন নম্বর ইট দিয়ে করা হচ্ছে। অথচ সিডিউল অনুযায়ী এক নম্বর ইট ব্যবহারের কথা।”

তিনি আরও বলেন, এ বিষয়ে ঠিকাদারের কাছে জানতে চাওয়া হলে তিনি সন্তোষজনক কোনো জবাব দিতে পারেননি।

পরে তদারকির দায়িত্বে থাকা বিএডিসির উপ-সহকারী প্রকৌশলী একরামুল হককে ফোনে বিষয়টি জানানো হয়। তিনি বলেন, “আমি সপ্তাহে তিন থেকে চার দিন পরিদর্শনে যাই। গত বৃহস্পতিবার সর্বশেষ পরিদর্শন করেছি। সিডিউল অনুযায়ী এক নম্বর ইট ব্যবহারের কথা এবং আমরা সেটিই দেখেছি।” উপ-সহকারী প্রকৌশলীর এমন বক্তব্যে হতাশা প্রকাশ করেন স্থানীয় নেতৃবৃন্দ।

উপজেলা জামায়াতের সেক্রেটারি জাব্বারুল ইসলাম বলেন, “সরেজমিনে আমরা তিন নম্বর ইট ব্যবহার হতে দেখেছি। সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত নির্মাণকাজ বন্ধ থাকবে।”

এসময় উপস্থিত ছিলেন বারাদী ইউনিয়ন জামায়াতের আমির আসাদুজ্জামান, ৪ নম্বর ওয়ার্ড আমির মজিবর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]